




বিপিএটিসি স্কুল এন্ড কলেজ
সাভার, ঢাকা।

নোটিশ-২০২৪/৭০

তারিখ: ০৫/০৯/২০২৪

বিপিএটিসি স্কুল এন্ড কলেজের ২০২৪ সালে অনুষ্ঠিত এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থী, অভিভাবক, শিক্ষকমন্ডলী, ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা কর্তৃক প্রেরিত পত্র নং-ঢাবো/পনি/৪৪৭, তারিখ: ০৪/০৯/২০২৪ এর অনু-০৫ (সংযুক্ত কপি) মোতাবেক যে সকল শিক্ষার্থী জেএসসি সমমান পরীক্ষায় (মাদ্রাসা শিক্ষা বোর্ড, কারিগরি শিক্ষা বোর্ড ও উন্মুক্ত বিশ্ববিদ্যালয়) এবং এসএসসি সমমান পরীক্ষায় (মাদ্রাসা শিক্ষা বোর্ড, কারিগরি শিক্ষা বোর্ড ও উন্মুক্ত বিশ্ববিদ্যালয়) হতে উত্তীর্ণ হয়ে অত্র প্রতিষ্ঠানে একাদশ শ্রেণিতে ভর্তি হয়েছিল। বর্তমানে ২০২৪ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করেছো তাদের জেএসসি সমমান ও এসএসসি সমমান পরীক্ষার নম্বর পত্রের ফটোকপি এবং ২০২৪ সালের এইচএসসি পরীক্ষার প্রবেশপত্রের ফটোকপি আগামী ০৮/০৯/২০২৪ তারিখ কলেজ অফিসে জমাদানের জন্য বলা হলো।


(এস. এম. মেহেদী হাসান)
পরিচালক (উপসচিব)
বিপিএটিসি, সাভার, ঢাকা।
ও
অধ্যক্ষ (অ.দা.)
বিপিএটিসি স্কুল এন্ড কলেজ
সাভার, ঢাকা।

অবগতির জন্য :

ক্রমিক নং	কক্ষ নং	স্বাক্ষর	ক্রমিক নং	কক্ষ নং	স্বাক্ষর
০১	০৩নোটিশ বোর্ড।		০২	ওয়েব সাইট।	
	অফিস কপি।				



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকশিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

সংশোধিত

পত্র নং- ঢাবো/পনি/৪৪৭

তারিখ: ০৪/০৯/২০২৪খ্রি.

এইচএসসি পরীক্ষা ২০২৪-এর জরুরী বিজ্ঞপ্তি

এইচএসসি পরীক্ষা ২০২৪-এ অংশগ্রহণকারী পরীক্ষার্থীর নিম্নবর্ণিত তথ্য প্রেরণের জন্য ভারপ্রাপ্ত কর্মকর্তা/অধ্যক্ষ মহোদয়গণকে অনুরোধ করা হলো।

এইচএসসি পরীক্ষা ২০২৪ সালের নিয়মিত/অনিয়মিত/মানোন্নয়ন পরীক্ষার্থীদের ক্ষেত্রে

(পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা প্রেরণ করবেন। কোন অবস্থাতেই ব্যবহারিক পরীক্ষার অজুহাতে পরীক্ষার্থীদের কলেজে আনা যাবে না)

- সকল পরীক্ষার্থীর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (ICT, বিষয় কোড-২৭৫) বিষয়ের ব্যবহারিক পরীক্ষার প্রাপ্ত নম্বর (শ্রেণি কার্যক্রম চলাকালে প্রাপ্ত) অনলাইনে প্রেরণ করে এর প্রিন্টকপি কেন্দ্রে সংরক্ষণ করতে হবে এবং মূলকপি (Final List) মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা-এর উচ্চমাধ্যমিক পরীক্ষা শাখায় হাতে হাতে জমা দিতে হবে।
- অনুষ্ঠিত পরীক্ষাগুলোতে অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের বিষয়ভিত্তিক অনুপস্থিত ও বহিষ্কৃত পরীক্ষার্থীদের তালিকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা-এর উচ্চমাধ্যমিক পরীক্ষা শাখায় হাতে হাতে জমা দিতে হবে।
- অনুষ্ঠিত পরীক্ষাগুলোতে অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের বিষয়ভিত্তিক স্বাক্ষরলিপি এককপি কেন্দ্রে সংরক্ষণ করে মূলকপি মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা-এর উচ্চমাধ্যমিক পরীক্ষা শাখায় হাতে হাতে জমা দিতে হবে।

এইচএসসি পরীক্ষা ২০২৪ সালের প্রাইভেট পরীক্ষার্থীদের ক্ষেত্রে

(সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ প্রেরণ করবেন)

- ১৯৯৬ সালের পূর্বে এসএসসি পাস করা প্রাইভেট পরীক্ষার্থীদের এসএসসি পাসের নম্বরপত্রের ফটোকপি (সংশ্লিষ্ট বোর্ড কর্তৃক যাচাইকৃত) এবং এইচএসসি পরীক্ষা ২০২৪-এর প্রবেশপত্রের ফটোকপি অধ্যক্ষ কর্তৃক সত্যায়ন করে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা-এর উচ্চমাধ্যমিক পরীক্ষা শাখায় হাতে হাতে জমা দিতে হবে। (সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে পরীক্ষার্থীদের তালিকা উচ্চমাধ্যমিক পরীক্ষা শাখা হতে সংগ্রহ করতে হবে)


এইচএসসি পরীক্ষা ২০২৪ সালের সমতুল্য সনদধারী পরীক্ষার্থীদের ক্ষেত্রে

(সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ প্রেরণ করবেন)

- সমতুল্য সনদধারী পরীক্ষার্থীদের জেএসসি/সমমান (প্রযোজ্য ক্ষেত্রে) ও এসএসসি/সমমান পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র (নম্বর/গ্রেড প্রদান পদ্ধতির প্রমাণক কাগজ পত্রসহ), ঢাকা শিক্ষা বোর্ডের সমতুল্য সনদ এবং এইচএসসি পরীক্ষা ২০২৪-এর প্রবেশ পত্রের ফটোকপি অধ্যক্ষ কর্তৃক সত্যায়ন করে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা-এর উচ্চমাধ্যমিক পরীক্ষা শাখায় হাতে হাতে জমা দিতে হবে।

উল্লিখিত তথ্য আগামী ১২-০৯-২০২৪ খ্রি. তারিখের মধ্যে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

 ০৪.০৯.২৪

প্রফেসর মোঃ আবুল বাশার

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন-০২-২২৩৩৬৯৮১৫

ভারপ্রাপ্ত কর্মকর্তা/অধ্যক্ষ

ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন এইচএসসি পরীক্ষা ২০২৪-এর সকল কেন্দ্র/প্রতিষ্ঠান।